

সিঁরাজ সিকদার রচনা

ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী ও সুবিধাবাদীদের
নতুন আক্রমণকে প্রতিহত করুন



সিঁরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টির বিবৃতি। পার্টি কর্তৃক রচনা ও প্রকাশ ৯ জুন ১৯৭২

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা

পথ (www.sarbaharapath.com) এর অনলাইন প্রকাশনা ৩ ফেব্রুয়ারী ২০১৪

পৃষ্ঠা ২

ষড়যন্ত্রকারী, চক্রান্তকারীদের চক্র গঠন, গুপ্ত হত্যা, অর্থ-অস্ত্র চুরি, অপবাদ-গুজব রটনার মাধ্যমে পার্টির ক্ষমতা দখলের চেষ্টা ব্যর্থ হওয়ায় তারা নতুন পথ অবলম্বন করছে।

এখন তাদের কেউ কেউ গা বাঁচানোর জন্য, নিজেদেরকে রক্ষার জন্য সংগঠনের ঐক্যের পক্ষপাতি হয়ে দাঁড়িয়েছে এবং বিভেদ ঠেকানোর জন্য কাজ করবে বলে উল্লেখ করছে, তিলে তিলে যে সংগঠন গড়ে উঠেছে তারা তার মঙ্গল চায় বলে বলছে ইত্যাদি।

আহারে ঐক্যপন্থীরা! মাছের মায়ের পুত্র শোক!

সংগঠনের চরমতম ক্ষতিসাধনের চক্রান্ত করে এখন ঐক্যপন্থীর ভান করা। এটা আরেক প্রকারের প্রতারণা ছাড়া আর কিছুই নয়। চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী, প্রতিক্রিয়াশীল, প্রতিবিপ্লবীদের সাথে যতই বিভেদ ঘটানো যায় ততই মঙ্গলজনক। ইহা মার্কসবাদী।

তাদের সাথে ঐক্যবদ্ধ হওয়ার অর্থ হচ্ছে ঘাতকের হাতে প্রাণ বিসর্জন, শত্রুর চরদের হাতে ধরা পড়া, পার্টির মধ্যে অস্থিরতা, অদৃঢ়তা, এককেন্দ্রহীনতা, শৃংখলা বিসর্জন দেওয়া, পার্টিকে সুবিধাবাদী পার্টিতে পরিণত করা, আন্তর্জাতিক ও দেশীয় শত্রুদের সেবা করা।

‘শত্রু যা সমর্থন করে আমরা তার বিরোধীতা করি, শত্রু যা বিরোধীতা করে আমরা তা সমর্থন করি’—শত্রু ও আমাদের শ্রেণী বিশ্লেষণ করে লাইন নির্বাচনের এ সহজ পদ্ধতি সভাপতি মাও শিখিয়েছেন।

কাজেই চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী শত্রুরা যা চায় আমরা তার বিরোধীতা করি। অর্থাৎ আমরা তাদের ঐক্যের লাইনকে বিরোধীতা করি, তাদের সাথে বিভেদের লাইনকে সমর্থন করি অর্থাৎ তাদেরকে চিরতরে পার্টি থেকে বহিষ্কার করা ও যথাযথ শাস্তি প্রদানের নীতিতে দৃঢ় থাকি।

লেনিন, স্ট্যালিন আমাদেরকে এ নির্দেশ দিয়েছেন।

শর্তহীনভাবে চক্র ভেঙ্গে দেয়া এবং দ্রুতগতিতে তাদেরকে (চক্রের সাথে যুক্তদের) পার্টি থেকে বহিষ্কার করার কথা লেনিন বলেছেন। স্ট্যালিন বলেছেন, *“সুবিধাবাদীদেরকে বহিষ্কার করে পার্টি শক্তিশালী হয়।”* এদের থাকার অর্থ হচ্ছে পার্টিকে আভ্যন্তরীণ ও বাইরের শত্রুর সম্মুখীন হওয়া। এ অবস্থায় পার্টির পক্ষে কিছুই করা সম্ভব নয়। কাজেই সমগ্র পার্টি ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী, উপদল গঠনকারী, অর্থ-অস্ত্র চোর, গুপ্ত হত্যার পরিকল্পনাকারী, গুজব অপবাদ রটনাকারী, সুবিধাবাদীদের নতুন আক্রমণের বিরুদ্ধে সজাগ থাকবেন।

পৃষ্ঠা ৩

তাদের সাথে ঐক্যের বক্তব্যকে তাদের সাথে আমাদের বিভেদের বক্তব্য দ্বারা সর্বহারার স্বার্থে বিরোধিতা করবেন। তাদের সাথে আমাদের বিভেদের অর্থাৎ তাদেরকে বহিষ্কার করা, যথামত শাস্তি বিধানের লাইনে, তাদের সাথে সর্বদা স্পষ্ট পার্থক্য বজায় রাখার লাইনে দৃঢ় থাকবেন।

তাদের নতুন আক্রমণ প্রতিহত করবেন। দুষ্ট লোকের মিষ্ট কথায় ভুলবেন না। ‘পাগলা কুকুর পানিতে পড়লেও পিটানো’-এ নীতিতে দৃঢ় থাকবেন, অন্যথায় কুকুরের প্রতি মায়া হলে সে পানি থেকে উঠে কামড়াবে। দুষ্ট লোকের মিষ্ট কথায় ভুললে সে চরম ক্ষতি করবে। কাজেই এদের নতুন আক্রমণের ভাঙতায় পড়ার অর্থ পার্টি, বিপ্লব ও জনগণের স্বার্থকে বিসর্জন দেয়া।

সর্বহারা বিপ্লবীদের মধ্যকার ঐক্যকে আপনারা দৃঢ় করবেন, ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী, সুবিধাবাদীদের সাথে বিভেদের ও পার্থক্যের নীতিতে দৃঢ় থাকবেন।

কেন্দ্রীয় কমিটি

পূর্ববাংলার সর্বহারা পার্টি ■